ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণী (১১ তম সভা)

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ এজাজ, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ১৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ ।। ৩০ অক্টোবর, ২০২৫ |
| সময় | : বেলা ২:৩০ ঘটিকা। |
| স্থান | : মিনি কনফারেন্স রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট **"ক"**

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কমিটির সকল সদস্য, বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে স্বাগত জানান। তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নাগরিক সেবা প্রদান আরো গতিশীলকরণ এবং সেবার মান উন্নয়নসহ জনগণের ভোগান্তি রোধ করতে সকলকে অনুরোধ জানান। তিনি সকল বৈষম্য নিরসন করে ঢাকা সিটিকে একটি ন্যায্য ও আধুনিক সিটিতে রূপান্তরের জন্য সবার সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সচিব গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণসহ অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

পরবর্তীতে এজেন্ডাভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০১** | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১০ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত আলোচনা। |
| আলোচনা | : | বিগত ২৯ জুলাই ২০২৫ তারিখে অনুষ্ঠিত ১০ম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোনো সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সে মতে ১০ম কর্পোরেশন সভায় আলোচিত নিম্নবর্ণিত বিষয় ১০ম কর্পোরেশন সভার বিবিধ আলোচ্যসূচীতে অর্ন্তভূক্ত করার জন্য প্রধান প্রকৌশলী মতামত পেশ করেন:<br>উদ্যোগী সংস্থা ইউনাইটেড সিটি টুইন টাওয়ার ডেভেলপার্স লি: এর মাধ্যমে বাস্তবায়িত গুলশান-২ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স এর হিস্যা সংক্রান্ত জটিলটা সরকারের অনুমোদনক্রমে চুক্তি সংশোধনের পূর্বে, অন্তবর্তীকালীন সময়ের জন্য সমঝোতার মাধ্যমে উভয়পক্ষ ব্যবহার করবে মর্মে ২৮/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯ম কর্পোরেশন সভার কার্যবিবরণীর ২.৩ অনুচ্ছেদে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ডিনিএনসিসি'র প্রাপ্য ২৫% (অন্তবর্তীকালীন) হিস্যা পুরোপুরি বুঝে নেয়া হয়েছে। প্রধান প্রকৌশলী বিষয়টি সভাকে অবহিত করেন।<br><br>উপস্থিত সকল সদস্যদের আর কোন পরিবর্তন/পরিমার্জনের বিষয়ে কোন মতামত না থাকায় ১০ম সভার কার্যবিবরণীর সকল অংশ দৃঢ়ীকরণসহ বর্ণিত বিষয় অর্ন্তভূক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০১ | : | সভায় ১০ম সভার কার্যবিবরণীর বিবিধ আলোচ্যসূচীতে নিম্নবর্ণিত বিষয় অর্ন্তভুক্ত করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উদ্যোগী সংস্থা ইউনাইটেড সিটি টুইন টাওয়ার ডেভেলপার্স লি: এর মাধ্যমে বাস্তবায়িত গুলশান-২ এ আধুনিক মার্কেট কাম কমার্শিয়াল কমপ্লেক্স এর হিস্যা সংক্রান্ত জটিলটা সরকারের অনুমোদনক্রমে চুক্তি সংশোধনের পূর্বে, অন্তবর্তীকালীন সময়ের জন্য সমঝোতার মাধ্যমে উভয়পক্ষ ব্যবহার করবে মর্মে ৯ম কর্পোরেশন সভার কার্যবিবরণীর ২.৩ অনুচ্ছেদে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক ডিনিএনসিসি'র প্রাপ্য ২৫% (অন্তবর্তীকালীন) হিস্যা পুরোপুরি বুঝে নেয়া হয়েছে। প্রধান প্রকৌশলী বিষয়টি সভাকে অবহিত করেন।<br><br>এছাড়া আর কোন পরিবর্তন/পরিমার্জনের বিষয়ে কোন মতামত না থাকায় ১০ম সভার কার্যবিবরণীর সকল অংশ দৃঢ়ীকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০২** | : | ছাত্র জনতার জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শহিদদের প্রাণ বিসর্জনের/হারানো স্থানে "Street Memory Stump" স্থাপনের সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি। |
| আলোচনা | : | সভায় প্রধান প্রকৌশলী মহোদয় বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-০১ এ ০৩ টি, অঞ্চল-০২ এ ০১ টি মেমোরিস্ট্যাম্প স্থাপনের কাজ চলমান রয়েছে। অন্যান্য অঞ্চল গুলোতে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সভায় মেমোরিস্ট্যাম্প স্থাপনে নিম্নবর্ণিত প্রতিবেদন উপস্থাপন করা হয়: |

| ক্রম | অঞ্চল | শহীদদের সংখ্যা | এলাকা | অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১ | অঞ্চল-০১ | ৫০ জন | উত্তরা, অঞ্চল-০১ এর আওতাধীন এলাকা। | ৩ টি মেমোরিস্ট্যাম্প কাজ চলমান। |
| ০২ | অঞ্চল-০২ | ২৮ জন | মিরপুর, অঞ্চল-০২ এর আওতাধীন এলাকা। | ১ টি মেমোরিস্ট্যাম্প কাজ চলমান। ভৌত অগ্রগতি প্রায় ২০%। |
| ০৩ | অঞ্চল-০৩ | ২৭ জন | বনানী থানা ০২ জন, গুলশান থানা ০৩ জন, বাড্ডা থানা ১২ জন, হাতিরঝিল থানা ১০ জন। | বাস্তবায়ন কাজ চলমান। |
| ০৪ | অঞ্চল-০৪ | ০৬ জন | মিরপুর মডেল থানা ০৩জন, কাফরুল থানা ০৩ জন। | নির্মাণ কাজ চলমান। ভৌত অগ্রগতি প্রায় ২৫%। |
| ০৫ | অঞ্চল-০৫ | ১২ জন | অঞ্চল-০৫ এর আওতাধীন এলাকা। | প্রাক্কলন অনুমোদনের জন্য ফাইল চলমান। |
| ০৬ | অঞ্চল-০৬ | ০০ জন | - | - |
| ০৭ | অঞ্চল-০৭ | ০০ জন | - | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ০৮ | অঞ্চল-০৮ | ০০ জন | - | - |
| | | ০৯ | অঞ্চল-০৯ | ০১ জন | খিলবাড়ীর টেক, ভাটারা। | কাজ চলমান। ভৌত অগ্রগতি প্রায় ৭৫%। |
| | | ১০ | অঞ্চল-১০ | ০০ জন | - | - |
| | | সভায় "Street Memory Stump" স্থাপন সংক্রান্তে বিস্তারিত আলোচনা হয়েছে। আলাচনান্তে স্ব স্ব অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে অঞ্চলের নির্বাহী প্রকৌশলীকে একমাসের টাইমফ্রেমে "Street Memory Stump" স্থাপনের কাজ সম্পন্ন করার জন্য সকল সদস্য একমত পোষণ করেন। | | | | |
| সিদ্ধান্ত-০২ | : | স্ব স্ব অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে অঞ্চলের নির্বাহী প্রকৌশলীকে একমাসের টাইমফ্রেমে "Street Memory Stump" স্থাপনের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | | | | |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা(সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নির্বাহী প্রকৌশলী(পুর)) (সকল অঞ্চল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। | | | | |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-০৩** | : | (ক) মশক নিধন কার্যক্রম সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগী প্রতিষ্ঠান বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিঃ (বিএমটিএফ) কে ০৬ (ছয়) মাস সাফল্যজনক সমাপ্তির পর পরবর্তী অক্টোবর ২০২৫ হতে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ০১ বছর বৃদ্ধির প্রস্তাব অনুমোদন।<br><br>(খ) জন্ম নিবন্ধন আবেদন যাচাই বাছাই করণের জন্য আবেদনের সাথে প্রমাণক হিসেবে প্রেরিত এস.এস.সি সনদ /জাতীয় পরিচয় পত্র / বিদ্যুৎ বিল বা দাখিলকৃত অন্য কোন উপযুক্ত বিলের কপি যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে MOU স্বাক্ষর করণ প্রসঙ্গে।<br><br>(গ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ইপিআই কার্যক্রমের ধারাবাহিকা বজায় রাখার লক্ষ্যে ইউনিসেফ কর্তৃক নিয়োজিত ৮৭ জন জনবলকে ডিএনসিসিতে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ প্রদান প্রসংগে। |
| আলোচনা | : | (ক) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় মশক নিধন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আউটসোর্সিং জলবল নিয়োগের ০২ মাস ভিত্তিক ০৩টি পর্যায়ে ০১ এপ্রিল-৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সরাসরি ক্রয়কার্যের মাধ্যমে বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লি. (বিএমটিএফ) কর্তৃক কার্যক্রম চলমান আছে। মশক নিধন ও কচুরিপানা পরিষ্কার কাজের ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় জনবল নিয়োগের কার্যক্রমটি ইজিপিতে পুনঃটেন্ডার প্রক্রিয়া পাশাপাশি প্রক্রিয়াধীন আছে। ইজিপি প্রক্রিয়ায় মশক নিধন ও কচুরিপানা পরিষ্কার কাজ চলাকালীন দীর্ঘ সময়ে কার্যক্রম চলমান রাখা প্রয়োজন। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লি. (বিএমটিএফ) এর পক্ষ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ১০ টি অঞ্চলের আওতাধীন ৫৪ টি ওয়ার্ডে মশক নিধন ও কচুরিপানা পরিষ্কার কার্যক্রম পরিচালনার জন্য সরাসরি ক্রয় পদ্ধতিতে ০২ বছরের জন্য কার্যাদেশ প্রদানের আবেদন করা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনী এর সহযোগী সংস্থা বিএমটিএফ ০১ এপ্রিল ২০২৫ হতে অদ্যাবধি ০৬ মাসের জন্য সরাসরি ক্রয়কার্য হিসেবে মশক নিধন ও কচুরিপানা পরিষ্কারের কাজ যথাযথ মনিটরিং ও পেশাদারিত্বের মাধ্যমে সুষ্ঠু ও সন্তোষজন ভাবে পালন করছে। এখানে উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর পক্ষ হতে বিএমটিএফ এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় মশক নিধণ ও কচুরিপানা পরিষ্কারের জন্য |

নীতিগত অনুমোদন প্রদান করা হয়েছে। সে মতে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় জনবল নিয়োগ এবং কচুরিপানা পরিষ্কার কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লি. (বিএমটিএফ) এর আবেদন বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে মশক নিধন কার্যক্রম সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগী প্রতিষ্ঠান বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি লিঃ (বিএমটিএফ) কে ০৬ (ছয়) মাস সাফল্যজনক সমাপ্তির কারণে PPR 2025 এ বিদ্যমান বিধিবিধান যাচাই-বাছাই ও অনুসরণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

(খ) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধীক্ষেত্রে জন্মনিবন্ধন করার ক্ষেত্রে আবেদনের সাথে প্রমাণক হিসেবে প্রেরিত মাতা-পিতার জাতীয় পরিচয় পত্র যাচাই করা সম্ভব হয় না। যার ফলে একশ্রেণীর জালিয়াতি চক্র সংশ্লিষ্ট আবেদনকারীর মাতা-পিতার ভূয়া জাতীয় পত্র উপস্থাপন করে রোহিংগাসহ বিদেশী নাগরিকদের বাংলাদেশী নাগরিক হিসেবে জন্ম নিবন্ধনে সচেষ্ট রয়েছেন। এ রুপ পরিস্থিতি উত্তোরণের জন্য জন্মনিবন্ধন আবেদনের সাথে প্রমাণক হিসেবে প্রেরিত মাতা-পিতার জাতীয় পরিচয় পত্র যাচাই করার সুযোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জনন্মজন্ম নিবন্ধন আবেদনের সাথে প্রাপ্ত মাতা, পিতার জাতীয় পরিচয় পত্রের সঠিকতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অর্থাৎ নির্বাচন কমিশনের সাথে MOU স্বাক্ষরের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

(গ) সভায় জানানো হয় যে, সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একটি সফলতম কর্মসূচি। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ কর্মসূচির আওতায় প্রাত্যহিক নিয়মিত ইপিআই টিকাদান এবং এ সংক্রান্ত আনুষঙ্গিক কর্মসূচি যেমন, ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পইন, ডি-ওয়ার্মিং ক্যাম্পেইন, এমআর ক্যাম্পেইন, কোভিড-১৯ টিকাদান ক্যাম্পেইন, এইচপিভি ক্যাম্পেইন ও টাইফয়েড টিক। ক্যাম্পেইন পরিচালনা করছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে প্রতিবছর ১,২০,০০০ (এক লক্ষ বিশ হাজার) জন শিশুকে ১০ টি প্রতিরোধ যোগ্য রোগসহ ১৫-৪৯ বছর বয়সী সন্তান ধারনক্ষম ৯,৭৭,০০০ জন মহিলাকে টিডি টিকা প্রদান করা হয়। এই কার্যক্রম পরিচালনার জন্য ডিএনসিসি'র স্থায়ী ও অস্থায়ীসহ মোট ৫৬৮ টি ইপিআই টিকাদান কেন্দ্রে পরিচালিত হয়। বর্তমানে ডিএনসিসি'র কেবলমাত্র ১০ (দশ) জন নিজস্ব ভ্যাকসিনেটর কর্মরত রয়েছে। উল্লেখ্য সমগ্র দেশে ডিএনসিসি সবচাইতে বৃহৎ পরিসরে ইপিআই কর্ম সম্পাদন করে। সে প্রেক্ষিতে DEPB এর ৮৭ (সাতাশি) জন কর্মী ব্যতীত ডিএনসিসি এর ১০ (দশ) জন ভ্যাকসিনেটর দিয়ে কর্ম সম্পাদন করা সম্ভব নহে। ইপিআই কার্যক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ জনবল স্বল্পতার কারণে District Evidence Based Planning & Budgeting (DEPB) প্রকল্পের আওতায় ইউনিসেফ কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৪ টি ওয়ার্ডে মোট ৮৭ (সাতাশি) জন জনবল বিগত ২০২২ সালের সেপ্টেম্বর এ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছিল। দীর্ঘ ০৩ (তিন) বছর কার্যক্রম পরিচালিত হবার পর ইউনিসেফ এর আর্থিক ও কারিগরি সহযোগীতায় পরিচালিত কার্যক্রমটির মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ এ শেষ হবে। ডিএনসিসিতে কর্মরত ৮৭ (সাতাশি) জন জনবল দীর্ঘ ০৩ (তিন) বছর যাবত ১৭০ টি টিকাকেন্দ্রে টিকা প্রদান কাজ পরিচালনা করেছে। ইউনিসেফ কর্তৃক নিয়োজিত ৮৭ (সাতাশি) জন জনবল সিটি কর্পোরেশনের ইপিআই কার্যক্রমে পর্যায়ক্রমে দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলে ইপিআই কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি পাবে। ইউনিসেফ এর DEPB প্রকল্পের ৮৭ (সাতাশি) জন জনবলের পদের সংখ্যা, মাসিক বেতন এবং বাৎসরিক প্রয়োজনীয় অর্থের বিবরণ নিম্নরূপঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | মাসিক বেতন | মাস | মোট বেতন |
|---|---|---|---|---|---|
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ)=(গ X ঘ X ঙ) |
| ১ | আইটি পারসন/ডাটা এন্ট্রি | ২ জন | ২৫,০০০/- | ১২ | ৬,০০,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | অপারেটর | | | | |
| ২ | ইপিআই সুপারভাইজার | ১৫ জন | ২০,০০০/- | ১২ | ৩৬,০০,০০০/- |
| ৩ | ভ্যাকসিনেটর/টিকাদান কর্মী | ৬০ জন | ১৯,০০০/- | ১২ | ১,৩৬,৮০,০০০/- |
| ৪ | ভলান্টিয়ার/স্বাস্থ্যকর্মী | ১০ জন | ১৭,০০০/- | ১২ | ২০,৪০,০০০/- |
| সর্বমোট | | **৮৭ জন** | | | ১,৯৯,২০,০০০/- |

আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ইপিআই কার্যক্রমের ধারাবাহিকা বজায় রাখার লক্ষ্যে ইউনিসেফ এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত District Evidence Based Planning & Budgeting (DEPB) প্রকল্পের ৮৭জন কর্মচারীকে প্রকল্প সমাপ্তিতে পর্যায়ক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে দৈনিক মজুরী ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান সংক্রান্তে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত-০৩ :

৩.১ মশক নিধন কার্যক্রম সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীর সহযোগী প্রতিষ্ঠান বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ (বিএমটিএফ) কে ০৬ (ছয়) মাস সাফল্যজনক সমাপ্তির পর PPR-2025 এ বিদ্যমান বিধিবিধান যাচাই-বাছাই ও অনুসরণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ জন্ম নিবন্ধন আবেদনের সাথে প্রাপ্ত মাতা, পিতার জাতীয় পরিচয় পত্রের সঠিকতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অর্থাৎ নির্বাচন কমিশনের সাথে MOU স্বাক্ষরের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ইপিআই কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে ইউনিসেফ এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত District Evidence Based Planning & Budgeting (DEPB) প্রকল্পের ৮৭ (সাতাশি)জন কর্মচারীকে প্রকল্প সমাপ্তিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে দৈনিক মজুরী ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান সংক্রান্তে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের বিষয়ে সর্ব সম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-০৪** : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচালনাধীন কবরস্থান সমূহের কবর সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রসংগে।

আলোচনা :

সভায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচলনাধীন কবরস্থান সমূহের কবর সংরক্ষণ ও পাকা করার অনুমতি সংক্রান্ত কমিটির গত ০৭/১০/২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএনসিসির পরিচালনাধীন ০৯(নয়) টি কবর সংরক্ষণ ও পাকাকরণের বিষয়ে উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচলনাধীন কবরস্থান সমূহের কবর সংরক্ষণ ও পাকা করার অনুমতি সংক্রান্ত কমিটির গত ০৭/১০/২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএনসিসির পরিচালনাধীন ০৯ (নয়) টি কবর সংরক্ষণ ও পাকাকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

| | | |
|---|---|---|
| | | (খ) সভায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচলনাধীন রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানে দাফনকৃত মরহুমা হালিমা হকের কবরটি ২৫ বছর মেয়াদী প্রতীকী মূল্যে সংরক্ষণ ও পাকাকরণের বিষয়ে উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানে দাফনকৃত মরহুমা হালিমা হকের কবরটি ২৫ বছর মেয়াদী প্রতীকী মূল্যে সংরক্ষণ ও পাকাকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত-০৪ | : | (ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচলনাধীন কবরস্থান সমূহের কবর সংরক্ষণ ও পাকা করার অনুমতি সংক্রান্ত কমিটির গত ০৭/১০/২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএনসিসির পরিচালনাধীন ০৯ (নয়) টি কবর সংরক্ষণ ও পাকা করণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিচলনাধীন রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানে দাফনকৃত মরহুমা হালিমা হকের কবরটি ২৫ বছর মেয়াদী প্রতীকী মূল্যে সংরক্ষণ ও পাকাকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **বিবিধ-৫** | : | ক) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে "সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা" খাতের (কোড নং-২২১০০০৮০০) আওতায় অবমুক্তিকৃত প্রাপ্ত সমুদয় সহায়তা প্রকৌশল বিভাগ হতে ব্যয়করণ সংক্রান্ত।<br><br>(খ) ডিএনসিসির আওতাধীন সবুজায়ন কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত।<br><br>(গ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বর্তমানে মোবাইল কোর্ট পরিচালনায় অংশগ্রহণকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ সদস্য ও উচ্ছেদ কাজে নিয়োজিত শ্রমিকদের আনুষঙ্গিক খরচ বৃদ্ধি করন প্রসঙ্গে।<br><br>(ঘ) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক দাবীকৃত মোহাম্মদপুর কৃষি পন্যের পাইকারী বাজারটির ভুমির মালিকানা অধিকতর যাচাই সংক্রান্ত। |
| আলোচনা | : | ক) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা জানান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে উন্নয়ন সহায়তায় অর্থ বরাদ্দের আওতায় বাস্তবায়নাধীন অধিকাংশ প্রকল্প/স্কীম/কার্যক্রম প্রকৌশল বিভাগ কর্তৃক সম্পন্ন করা হয়। উল্লেখ্য যে, বিগত অর্থবছরসমূহে অন্যান্য বিভাগ কর্তৃক উন্নয়ন সহায়তায় ছাড়কৃত অর্থ ব্যয় করতে না পারায় অব্যয়িত অর্থ প্রকৌশল বিভাগ কর্তৃক রাস্তা ঘাট, ব্রীজ কালভার্ট নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অবকাঠামো উন্নয়ন খাতে ব্যয় করা হয়। "বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় সিটি |

কর্পোরেশনের অনুকূলে উন্নয়ন সহায়তার অর্থ বরাদ্দ ও ব্যবহার নির্দেশিকা-২০২২" এর ৬.২ অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, "এডিপির উন্নয়ন সহায়তার খাত হতে প্রাপ্ত বরাদ্দ/অর্থ বিভাজনের নিমিত্ত খাতওয়ারী ৬.১ ক্রমিকে বর্ণিত নির্ধারিত হারে স্থানীয় চাহিদার নিরিখে সিটি কর্পোরেশনের সভায় সিদ্ধান্তক্রমে এবং স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে কোন অর্থবছরের খাতসমূহের এক বা একাধিক সেবাখাতে অর্থ বিভাজন কম/বেশী করা যাবে। এছাড়া বিশেষ পরিস্থিতিতে কর্পোরেশন সভা না হলে মেয়র/প্রশাসক এর অনুমোদনক্রমে স্থানীয় সরকার বিভাগকে অবহিত রেখে সেবা খাত ভিত্তিক অর্থ বিভাজন যৌক্তিকভাবে কম/বেশী করা যাবে"। উক্ত নির্দেশনা মোতাবেক পূর্ববর্তী অর্থবছরের অভিজ্ঞতায় ২০২৫-২৬ অর্থবছরের সম্ভাব্য প্রাপ্ত সমুদয় সহায়তা প্রকৌশল বিভাগের অনুকূলে রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অবকাঠামো উন্নয়ন খাতে বরাদ্দ প্রদান করা যেতে পারে এবং আলোচ্য নির্দেশিকা মোতাবেক প্রকল্প সমূহের তালিকা মন্ত্রণালয় প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে "সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা" খাতের (কোড নং-২২১০০০৮০০) আওতায় অবমুক্তিকৃত প্রাপ্ত এবং চলতি অর্থ বছরে পরবর্তীতে প্রাপ্তব্য সমুদয় সহায়তা প্রকৌশল বিভাগের অনুকূলে রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অবকাঠামো উন্নয়ন খাতে বরাদ্দকরণসহ এবং আলোচ্য নির্দেশিকা মোতাবেক প্রকল্প সমূহের তালিকা মন্ত্রণালয় প্রেরণ করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

(খ) সভায় জানানো হয় যে,ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০২৫-২৬ অর্থবছরে বৃক্ষরোপন/বনায়ন সংক্রান্ত বাজেটের পরিমাণ প্রায় ৪০.০০ (চল্লিশ) কোটি টাকা। এই বাজেট দ্বারা চাহিদা মোতাবেক নগরীর সবুজায়ন করা সম্ভব নয়। সে প্রেক্ষিতে মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিভিন্ন রাস্তার ফুটপাত, মিডিয়ান, খোলাস্থান, নদীর পাড়, খালের পাড়, লেক/জলাশয়ের পাড় এবং অন্যান্য বনায়নযোগ্য জায়গায় বৃক্ষরোপন করার জন্য বিভিন্ন সরকারী এবং বেসরকারি প্রতিষ্ঠানের সহিত কয়েকটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে এবং কয়েকটি সমঝোতা স্মারক প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে ডিএনসিসির আওতাধীন সবুজায়ন কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন।

| ক্র নং | বিষয়বস্তু | প্রতিষ্ঠানের নাম | মন্তব্য |
|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ১ | ডিএনসিসির আওতাধীন রাস্তার মিডিয়ান, ফুটপাত, খালেরপাড় এবং অন্যান্য বনায়নযোগ্য জায়গায় বনায়ন সংক্রান্ত | বন অধিদপ্তর<br>বন ভবন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। | স্বাক্ষরিত |
| | | ২ | বৃক্ষসেবা ও ছাদ বাগান সহায়তা কেন্দ্র স্থাপন সংক্রান্ত | গ্রীন সেভার্স, ৫৯, এলডোরাডো মিয়া টাওয়ার, ফার্স্ট ফ্লোর (বি-১, সি-১), পশ্চিম আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। | স্বাক্ষরিত |
| | | ৩ | গুলশান, বনানী লেক এর গবেষণা সংক্রান্ত | ReWET Consortium<br>Univirsity of Sheffield,UK | স্বাক্ষরিত |
| | | ৪ | Urban Tree Museum স্থাপন সংক্রান্ত | গ্রীন সেভার্স ও ডেল্টা ডট<br>গ্রীন সেভার্স<br>৫৯, এলডোরাডো মিয়া টাওয়ার, ফার্স্ট ফ্লোর (বি-১, সি-১), পশ্চিম আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা।<br>ও<br>ডেল্টা ডট, ১৯৬/বি মোহাম্মদীয়া হাউজিং লিঃ, রোড-৫, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | প্রক্রিয়াধীন |
| | | ৫ | খাল, নদী ও লেকপাড়ে বৃক্ষরোপন এবং বৃক্ষ পরিচর্যা কাজে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক | ১। গ্রীন ভয়েস<br>৫/২ জাহানারা হাউজ, ২এ, ২বি ই-ব্লকলালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা।<br>২। টাউন ফেডারেশন<br>বাড়ী ২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।<br>৩। ইয়ুথ ফাউন্ডেশন অব বাংলাদেশ,বাড়ী-১০১২, রোড:-৯-এ, এভিনিউ-৯, মিরপুর DOHS, ঢাকা।<br>৪। মোহাম্মদপুর কমিউনিটি এ্যালায়েন্স<br>১৪/৩ ফিউচার টাউন, বসিলা, | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ঢাকা।<br><br>৫। রিনিউ আর্থ ইয়ুথ অর্গানাইজেশন<br><br>H-৩৩ এ, R-৮ ধানমন্ডি আবাসিক এলাকা,ঢাকা।<br><br>৬। ওএবি ইয়ুথ ফাউন্ডেশন, ২৭২/৫, আমিন ভবন,নবম তলা, আমিন গার্ডেন রোড, পশ্চিম আগাঁরগাও, ঢাকা।<br><br>৭। আলোকিত করি, H-৩৩ এ, ৫তলা, R-৮ ধানমন্ডি আবাসিক এলাকা,ঢাকা।<br><br>৮। ইয়াং ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক (ইউক্যান), ই-১৪/এক্স, আগাঁরগাও,ঢাকা।<br><br>৯। ব্রাইটার্স ইয়ুথ নেটওয়ার্ক, ২৭২/৫, আমিন ভবন, নবম তলা, আমিন গার্ডেন রোড, পশ্চিম আগাঁরগাও, ঢাকা।<br><br>১০। যুব পরিবেশ ও উন্নয়ন সংস্থা,১৪৪১/২এ, খিলগাঁও চৌরাস্তা,ঝিলপাড়, ঢাকা।<br><br>১১। ইকো নেটওয়ার্ক গ্লোবাল, H-৬২০, R-৯, মিরপুর DOHS, ঢাকা।<br><br>১২। নোঙর, H-০২, R-০১, ব্লক-জি, সেক্টর-১, আফতাব নগর,ঢাকা। | স্বাক্ষরিত |

| | |
|---|---|
| | (গ) সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বর্তমানে মোবাইল কোর্ট পরিচালনায় অংশগ্রহণকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ সদস্য ও উচ্ছেদ কাজে নিয়োজিত শ্রমিকদের আনুষঙ্গিক খরচ বরাদ্দ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) বর্তমানে দ্রব্যমূল্যের উর্ধগতির বাজারে বরাদ্দকৃত ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা দিয়ে প্রায় ১০০ জনের অধিক লোকের আপ্যায়ন খরচ বহন করা কঠিন। এছাড়াও কোন কোন অভিযানের গুরুত বিবেচনায় উচ্ছেদ এ একাধিক বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োজিত করা হয়। ফলে অভিযানে জনবল সংখ্যাও বৃদ্ধি পায় বিধায় উচ্ছেদ অভিযানে উপস্থিত জনবল বিবেচনায় আপ্যায়নের খরচ বৃদ্ধি করা প্রয়োজন। সে প্রেক্ষিতে উচ্ছেদ শ্রমিক ও পরিচ্ছন্ন কর্মীসহ সংশ্লিষ্ট সর্বোচ্চ ৭০-৭৫ জনের আনুষঙ্গিক খরচ বাবদ ১৪,০০০/-(চৌদ্দ হাজার) টাকা বরাদ্দ রয়েছে। উক্ত টাকা হতে ভ্যাট ও আয়কর পরিশোধের পর অবশিষ্ট টাকা দিয়ে ৭০-৭৫ জনের আনুষঙ্গিক খরচ বহন করা কষ্টসাধ্য হয়ে পড়ে। বর্তমান প্রেক্ষাপটে উপস্থিত জনবল বিবেচনায় আপ্যায়নের খরচ বাবদ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকার স্থলে ২১,০০০/-(একুশ হাজার) টাকা বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বর্তমানে মোবাইল কোর্ট পরিচালনায় অংশগ্রহণকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ সদস্য ও উচ্ছেদ কাজে নিয়োজিত শ্রমিকদের আনুষঙ্গিক খরচ ১৪,০০০/- টাকার স্থলে বৃদ্ধির বিষয়টি ডিএসসিসিসহ অন্যান্য সরকারী দপ্তরের সাথে সামঞ্জস্য রেখে অধিকতর যাচাইবাছাইয়ের নিমিত্ত সকল সদস্য একমত পোষণ করেন।<br><br>(ঘ) কৃষি মন্ত্রণালয়ের ২৯/০৫/৮৬ ইং তারিখের নোটিফিকেশন নং-কৃষি-২/বাজার (উ:)-৪/৮৩/০৩৮২ এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের ০৬/০১/৮৩ ইং তারিখের সিদ্ধান্ত মোতাবেক কৃষি বাজার পরিষদের মোহাম্মদপুর কৃষি পন্যের পাইকারী বাজারটি ২৮/৬/১৯৮৬ তারিখে তৎকালীন ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অনুকূলে বুঝিয়ে দেয়া হয়েছে । সে মোতাবেক বর্তমানে জাতীয় গৃহায়ন কৃতপক্ষ কর্তৃক উক্ত মার্কেটের ভূমির মালিকানা অধিকরত যাচাইয়ান্তে নিশ্চিত করতে হবে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৫ | : | ৫.১) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে "সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা" খাতের (কোড নং-২২১০০০৮০০) আওতায় অবমুক্তিকৃত প্রাপ্ত এবং চলতি অর্থ বছরে পরবর্তীতে প্রাপ্তব্য সমুদয় সহায়তা প্রকৌশল বিভাগের অনুকূলে রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও অবকাঠামো উন্নয়ন খাতে বরাদ্দকরণসহ এবং আলোচ্য নির্দেশিকা মোতাবেক প্রকল্প সমূহের তালিকা মন্ত্রণালয় প্রেরণ করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৫.২) ডিএনসিসির আওতাধীন সবুজায়ন কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহরে সাথে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরের সর্ব সম্মত ভূতাপেক্ষ সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্র নং | বিষয়বস্তু | প্রতিষ্ঠানের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ডিএনসিসির আওতাধীন রাস্তার মিডিয়ান, ফুটপাত, খালেরপাড় এবং অন্যান্য বনায়নযোগ্য জায়গায় বনায়ন সংক্রান্ত | বন অধিদপ্তর<br>বন ভবন, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। | স্বাক্ষরিত |
| ২ | বৃক্ষসেবা ও ছাদ বাগান সহায়তা কেন্দ্র স্থাপন সংক্রান্ত | গ্রীন সেভার্স, ৫৯, এলডোরাডো মিয়া টাওয়ার, ফাস্ট ফ্লোর (বি-১, সি-১), পশ্চিম আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা। | স্বাক্ষরিত |
| ৩ | গুলশান, বনানী লেক এর গবেষণা সংক্রান্ত | ReWET Consortium Univirsity of Sheffield, UK | স্বাক্ষরিত |
| ৪ | Urban Tree Museum স্থাপন সংক্রান্ত | গ্রীন সেভার্স ও ডেল্টা ডট<br>গ্রীন সেভার্স<br>৫৯, এলডোরাডো মিয়া টাওয়ার, ফাস্ট ফ্লোর (বি-১, সি-১), পশ্চিম আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা।<br>ও<br>ডেল্টা ডট, ১৯৬/বি, মোহাম্মদীয়া হাউজিং লি:, রোড-৫, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | প্রক্রিয়াধীন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৫ | খাল, নদী ও লেকপাড়ে বৃক্ষরোপন এবং বৃক্ষ পরিচর্যা কাজে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতা স্মারক | ১। গ্রীন ভয়েস<br><br>৫/২ জাহানারা হাউজ, ২এ, ২বি ই-ব্লকলালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা।<br><br>২। টাউন ফেডারেশন বাড়ী ২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।<br><br>৩। ইয়ুথ ফাউন্ডেশন অব বাংলাদেশ,বাড়ী-১০১২, রোড:-৯-এ, এভিনিউ-৯, মিরপুর DOHS, ঢাকা।<br>৪। মোহাম্মদপুর কমিউনিটি এ্যালায়েন্স<br>১৪/৩ ফিউচার টাউন, বসিলা, ঢাকা।<br><br>৫। রিনিউ আর্থ ইয়ুথ অর্গানাইজেশন<br><br>H-৩৩ এ, R-৮ ধানমন্ডি আবাসিক এলাকা,ঢাকা।<br><br>৬। ওএবি ইয়ুথ ফাউন্ডেশন, ২৭২/৫, আমিন ভবন,নবম তলা, আমিন গার্ডেন রোড, পশ্চিম আগাঁরগাও, ঢাকা।<br><br>৭। আলোকিত করি, H-৩৩ এ, ৫তলা, R-৮ ধানমন্ডি আবাসিক এলাকা,ঢাকা।<br><br>৮। ইয়াং ক্লাইমেট অ্যাকশন নেটওয়ার্ক (ইউক্যান), ই-১৪/এক্স, আগাঁরগাও,ঢাকা।<br><br>৯। ব্রাইটার্স ইয়ুথ নেটওয়ার্ক, ২৭২/৫, আমিন ভবন, নবম তলা, আমিন গার্ডেন রোড, পশ্চিম আগাঁরগাও, ঢাকা। | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| | | ১০। যুব পরিবেশ ও উন্নয়ন সংস্থা,১৪৪১/২এ, খিলগাঁও চৌরাস্তা,ঝিলপাড়, ঢাকা। | |
| | | ১১। ইকো নেটওয়ার্ক গ্লোবাল, H-৬২০, R-৯, মিরপুর DOHS, ঢাকা। | স্বাক্ষরিত |
| | | ১২। নোঙর, H-০২, R-০১, ব্লক-জি, সেক্টর-১, আফতাব নগর, ঢাকা। | |

৫.৩) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বর্তমানে মোবাইল কোর্ট পরিচালনায় অংশগ্রহণকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ সদস্য ও উচ্ছেদ কাজে নিয়োজিত শ্রমিকদের আনুষঙ্গিক খরচ বৃদ্ধির বিষয়টি ডিএসসিসিসহ অন্যান্য সরকারী দপ্তরের সাথে সামঞ্জস্য রেখে অধিকতর যাচাইবাছাইয়ের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.৪) কৃষি মন্ত্রণালয়ের ২৯/০৫/৮৬ ইং তারিখের নোটিফিকেশন নং-কৃষি-২/বাজার (উ:)-৪/৮৩/০৩৮২ এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের ০৬/০১/৮৩ ইং তারিখের সিদ্ধান্ত মোতাবেক কৃষি বাজার পরিষদের মোহাম্মদপুর কৃষি পন্যের পাইকারী বাজারটি ২৮/৬/১৯৮৬ তারিখে তৎকালীন ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অনুকূলে বুঝিয়ে দেয়া হয়েছে। সে মোতাবেক বর্তমানে জাতীয় গৃহায়ন কৃতপক্ষ কর্তৃক উক্ত মার্কেটের ভুমির মালিকানা অধিকরত যাচাইয়ান্তে নিশ্চিত করতে হবে মর্মে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ এজাজ
প্রশাসক
ও
সভাপতি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভা

নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০৯৮.২০২৪-১০৮৪ তারিখ: ২৫/১১/২০২৫

বিতরণ কার্যার্থে:

............................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪. পুলিশ কমিশনার, ঢাকা।
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।
৬. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৭. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।
১০. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)।
১৩. উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমাবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১৪. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)।
১৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।
১৬. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর।
১৭. মহাপরিচালক, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৮. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
২০. মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স।
২১. মহাপরিচালক, বাংলাদেশ প্রত্নতত্ত্ব বিভাগ।
২২. জেলা প্রশাসক, ঢাকা।
২৩. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)।
২৪. ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস।
২৫. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২৭. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২৯. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩১. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩২. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৩. নিরাপত্তা কর্মকর্তা,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩৪. অফিস কপি।